

3 (Sem-5) BEN M 2

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) ভোটার সাবিত্রীবালা সংসার চালানোর জন্য কোন্ বৃত্তি গ্রহণ করেছিলেন ?
- (খ) নাসিমের মায়ের নাম কী ?
- (গ) 'গাছ' গল্পটি কার লেখা ?
- (ঘ) "আমার ভাবতে ভালো লাগলো বুড়োটা ক্ষেতে দাঁড়িয়ে একা একা মাটি কোপাচ্ছে।" 'বুড়ো' কে ?
- (ঙ) 'জগদ্দল'-এর মালিকের নাম কী ?
- (চ) 'ফসিল' গল্পে কে কর্মীদের নেতা ও মুখপাত্রের ভূমিকা নিয়েছিল ?
- (ছ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছিল ?
- (১) ২২ বছর
- (২) ৩২ বছর
- (৩) ৪২ বছর
- (৪) ৫২ বছর

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আপনার গলা থেকে হার ছিনিয়ে নিয়েছে কেউ?”
প্রশ্নকর্তা কে? কাকে তিনি এ কথা জিজ্ঞাসা
করেছিলেন?
- (খ) “দরকার অবশ্যই নেই, কিন্তু তোমাকে কেমন যেন
ভৌতিক-ভৌতিক লাগছে, তাই—” বক্তা কে? তিনি
কাকে এ কথা বলেছেন?
- (গ) “আর কেন, এ বিমলবাবু? এবার তোমার বুড়িকে
পেনসন দাও।” বক্তার নাম লেখো। এখানে ‘বুড়ি’
বলতে কার কথা বলা হয়েছে?
- (ঘ) “তোমার ভবিষ্যৎ খারাপ। খুব খারাপ।” বক্তা কে?
তিনি কাকে এ কথা বলেছেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “সেদিকে দৃষ্টি পড়তে গাছ চমকে উঠল। এবং খুশি
হল।” প্রসঙ্গটি বিশদ করো।
- (খ) “সিঁড়ি থেকে ‘ফানিলে’ ওঠবার সাধনায় যারা জাহাজে
চুকেছে, তাদের কাছে এটা নেহাৎ আজগুবি শোনায়।”
প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ‘গোত্রান্তর’ গল্প অবলম্বনে রুশ্বিগী চরিত্রটি আলোচনা
করো।

- (ঘ) “ভবিতব্যের ছায়ামূর্তি তার পরম ক্ষুধার দাবী নিয়ে, ভিক্ষাভাণ্ডটি প্রসারিত করে আজ সামনে এসে দাঁড়িয়েছে।” প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঙ) “তারপর শুরু হলো নয়াবাদের একটানা অবিচ্ছিন্ন পরিবর্তন।” ‘পরশুরামের কুঠার’ গল্পে নয়াবাদের পরিবর্তনের যে ছবি রয়েছে তার বিবরণ দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘সীমারেখার সীমা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

‘সারেঙ’ গল্পে জাহাজ-কর্মীদের জীবনের যে করুণ ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।

- (খ) সমালোচকের মতে, “গল্পকারের চিত্রণে ধনিয়া সর্বহারা শ্রেণীর এক রমণী—যদিও তার রমণী পরিচয়ই এখানে মুখ্য। সুতরাং অনিবার্যভাবেই সে ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় ভোগের উপকরণমাত্র।” ‘পরশুরামের কুঠার’ গল্পের কাহিনি বিশ্লেষণ করে এ বিষয়ে তোমার মতামত দাও।

অথবা

‘ফসিল’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো।

- (গ) 'ভারতবর্ষ' গল্পে মাহাতোদের জীবনযাপন এবং তাদের অধঃপতনের যে কাহিনি বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

অথবা

মধ্যবিভবর্গের স্বার্থপরতা ও উন্মাসিকতা 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পে যেভাবে ফুটিয়ে তোলা হয়েছে তা লেখো।
